

## শিক্ষার্থীদের সত্য ও সুন্দরের পথে থাকার আহ্বান ঢাকা ভিসিবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।  
শিক্ষার্থীদের সত্য ও সত্যের পথে  
থাকার আহ্বান জানিয়ে ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক  
ড. মো. আখতারুজ্জামান বলেছেন,  
বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও  
ঐতিহ্যের প্রতি সম্মান প্রদর্শন করা  
প্রত্যেক শিক্ষার্থীর নৈতিক দায়িত্ব।  
পাশাপাশি এ ঐতিহ্যের মর্যাদা যেন  
কেউ মান করতে না পারে। সেজন্য  
বিশ্ববিদ্যালয়ের প্রতি কর্তব্য সম্পর্কে  
সচেতন থাকতে হবে।

রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-  
নির্দেশনা ও পরামর্শদান দফতরের  
আয়োজনে আইন ও কলা অনুষদের  
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ  
স্নাতক (সম্মান) শ্রেণীর ছাত্র-ছাত্রীদের  
পরিচিতি সভায় প্রধান অতিথির  
বক্তব্যে তিনি এসব কথা বলেন।  
ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান  
দফতরের পরিচালক অধ্যাপক  
মেহজাবীন হকের সভাপতিত্বে  
অনুষ্ঠিত এতে আইন অনুষদের ডিন  
অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ ও  
কলা অনুষদের ডিন অধ্যাপক ড.  
মো. মোস্তাফিজুল হকের উপস্থিতিতে  
বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-  
উপদেষ্টাগণ এবং বিপুল সংখ্যক  
নবীন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।  
অনুষ্ঠানে টেলিভিশন, চলচ্চিত্র ও  
ফটোগ্রাফি বিভাগ নির্মিত ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের পরিচিতিমূলক  
উত্থাচিত্র প্রদর্শন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো.  
আখতারুজ্জামান নবীন শিক্ষার্থীদের  
অভিমন্বন ও তাদের অভিভাবকদের  
প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, ঢাকা  
বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্য  
হওয়ায় বিশ্ববিদ্যালয় এবং  
অভিভাবকদের প্রত্যাশা পূরণে  
শিক্ষার্থীদের সচেষ্ট থাকতে হবে।  
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উদার,  
গণতান্ত্রিক ও অসাম্প্রদায়িক-এ  
চেতনা শিক্ষার্থীদের মাঝে থাকা  
অত্যাবশ্যক। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন  
সীমাবদ্ধতা রয়েছে এবং সে বিষয়ে  
আলোচনা করার জন্য অভিভাবক  
হিসেবে শিক্ষকরা সবসময় পাশে  
থাকবে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চিঃ.....	সংসদে বিভাগ
চিঃ.....	সংসদে পি বিভাগ
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
দিঃ.....	
কার্যার্থে/স্বাক্ষর	